গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

বিষয় ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক (মার্চ ২০১৭ মাসের) সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় ঃ ০৯ এপ্রিল, ২০১৭, বেলা ১২ টায়
স্থান ঃ সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা ঃ শাখায় রক্ষিত আছে

২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| নং | বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর) |
|---|---|---|
| ১. | গত সভার (ফেব্রুয়ারি ২০১৭) কার্যবিবরণী নিশ্চিতকরণ : গত সভার (ফেব্রুয়ারি ২০১৭) কার্যবিবরণী ২১ মার্চ ২০১৭ জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। | গত সভার (ফেব্রুয়ারি ২০১৭) কার্যবিবরণীটি নিশ্চিত করা হলো। বাস্তবায়নে : অধিদপ্তর (সকল) |
| ২. | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি : | |
| | ক) কারা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিশ্রুতি : | |
| | ২.ক.১ বন্দীদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ হতে মজুরী প্রদানের ব্যবস্থা করা। | নীতিগত অনুমোদনের জন্য বিক্রয়লব্ধ অর্থ কিভাবে খরচ/ব্যবস্থাপনা করা যায় তার একটি কর্মপদ্ধতি প্রেরণ করবে। বাস্তবায়নে : কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ২.ক.২ কারা কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য স্কুল বাস প্রদান এবং প্রয়োজনে নতুন স্কুল নির্মাণ। | কারা কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য স্কুল বাস সংগ্রহ এবং নতুন স্কুল নির্মাণের বিষয়টি প্রকল্পে অন্তর্ভুক্ত করতে হবে। বাস্তবায়নে : কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর/পরিকল্পনা শাখা |
| | ২.ক.৩ সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে কারাগারের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি। | কারা অধিদপ্তরের অধীন সকল কারাগারসমূহে সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে আরো কি কি বিষয় অন্তর্ভুক্তির প্রয়োজন রয়েছে সে সংক্রান্ত একটি কর্মপরিকল্পনা কারা অধিদপ্তর প্রেরণ করবে। বাস্তবায়নে : কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর/উন্নয়ন অনুবিভাগ |
| | ২.ক.৪ কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | ডিপিপি প্রণয়নের বিষয়টি সুরক্ষা সেবা বিভাগের পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান তদারকি করবেন। বাস্তবায়নে : কারা অনুবিভাগ/ কারা অধিদপ্তর/উন্নয়ন অনুবিভাগ |
| | ২.ক.৫ কেরাণীগঞ্জে কারা কর্মকর্তা কর্মচারী ও সর্বসাধারণের জন্য ২০০-২৫০ শয্যার হাসপাতাল স্থাপন। | কারা হাসপাতালের ডিপিপি প্রণয়নের কারিগরি বিষয়ে প্রয়োজনে পুলিশ হাসপাতালের ডিপিপি থেকে সহায়তা নেয়া যেতে পারে। পরিকল্পনা শাখার সিনিয়র সহকারী প্রধান এ বিষয়ে ফোকাল কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। বাস্তবায়নে : কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর/উন্নয়ন অনুবিভাগ |
| | ২.ক.৬ কারাবন্দীদের বিশেষ করে মহিলা কারাবন্দীদের থাকার ভাল ব্যবস্থা গ্রহণ। | ডিপিপি এবং প্রণীত নকশা অনুযায়ী কাজটি দ্রুত বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর/প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| | **খ. বিভিন্ন জেলা-উপজেলায় অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনঃ** | |
| | ২.খ.১ মেহেরপুর জেলার মুজিবনগর ও গাংনী উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র স্থাপন।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ফায়ার স্টেশনসমূহ স্থাপনের কার্যক্রম সংশ্লিষ্ট প্রকল্পসমূহের আওতায় দ্রুত বাস্তবায়নের বিষয়ে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং এ বিভাগের উন্নয়ন অনুবিভাগ প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করবেন।<br>বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ২.খ.২ সিরাজগঞ্জ জেলার চৌহালী, তারাস ও কামারখন্দ উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র স্থাপন।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৩ ত্রিশাল, গৌরিপুর ও নান্দাইল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৪ নারায়ণগঞ্জ সদর ও বন্দর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশনগুলো আধুনিকায়ন করা।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৫ সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় অগ্নি নির্বাপন কেন্দ্র নির্মাণ।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৬ বরগুনা জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপনকরণ।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৭ চাঁদপুর জেলার যে সকল উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নেই সেসব উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন করণ।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| | ২.খ.৮ কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট, রৌমারী ও রাজীবপুর উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন প্রসঙ্গে।<br>বাস্তবায়নে : অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | |
| ৩ | **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | ৩.১ বিভিন্ন মামলায় প্রদত্ত মৃত্যুদণ্ড আদেশগুলো দ্রুত কার্যকর করতে উদ্যোগ নিতে হবে। প্রয়োজনে আলাদা সেল গঠন এবং আইন মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ। | মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত বন্দিদের বিভিন্ন আদালতে চলমান ডেথ রেফারেন্স এবং আপীল মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং জননিরাপত্তা বিভাগে পত্র প্রেরণ করতে হবে। পত্রের অনুলিপি প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : আইন শৃঙ্খলা অনুবিভাগ/কারা অনুবিভাগ/কারা অধিদপ্তর |
| | ৩.২ সোনা পাচার/মাদক/অস্ত্র/শিশু ও মানব পাচার এর বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখা। | ক) মাদক পাচার রোধকল্পে অভিযান পরিচালনা জোরদার করতে হবে। জেলাভিত্তিক অভিযান পরিচালনা, উদ্ধার ও মামলা সংক্রান্ত তথ্য নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রতি মাসে ১ ও ১৬ তারিখে মাদক অনুবিভাগে দাখিল অব্যাহত রাখতে হবে।<br>খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা ও বিভাগীয় পর্যায়ে সকল অফিসে ০২টি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। ০১টি পরিদর্শন রেজিস্টার অপরটি মুভমেন্ট রেজিস্টার । মুভমেন্ট রেজিস্ট্রারে কোথায়, কবে, কতটার সময় অভিযান পরিচালনা শুরু হচ্ছে তা লিপিবদ্ধ থাকবে। উর্ধ্বতন কর্মকর্তাগণ পরিদর্শনের সময় এ ০২টি রেজিস্টার পর্যালোচনাকরত: তথ্য প্রতিবেদনে অন্তর্ভুক্ত করবেন।<br>বাস্তবায়নে : সুরক্ষা সেবা বিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৩ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের দাবীকৃত রেশন ও ভাতার বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে নিষ্পত্তি করা। | অর্থ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | ৩.৪ এনজিও পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাধ্যমে যাতে মাদক দ্রব্যের বিস্তার না ঘটে সেজন্য এ ধরনের প্রতিষ্ঠানগুলোকে যথাযথ নজরদারির আওতায় আনা। | মাদকাসক্তি নিরাময়ের বিষয়ে কতগুলো এনজিও বর্তমানে কাজ করছে, তার তথ্য ছকাকারে দাখিল করবে। নিরাময় কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৫ ডিসি-ডিএম সভার অনুরূপ মায়ানমারের সাথে ইয়াবাসহ অন্যান্য দ্রব্য পাচার ও অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে উভয় পক্ষের তৃণমূল পর্যায়ের প্রতিনিধিদের আলোচনা শুরুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | বাংলাদেশ মায়ানমারের মাঝে অনুষ্ঠিতব্য সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি উপস্থিত থাকবেন।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৩.৬ নির্ধারিত সময়ের মধ্যে এমআরপি প্রদানের লক্ষ্যমাত্রা পূরণের প্রচেষ্টা জোরদার। | এ পর্যন্ত কতগুলো এমআরপি প্রদান করা হয়েছে তা সমন্বিত আকারে এবং মাসিকভিত্তিক অগ্রগতির প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : বহিরাগমন অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| | ৩.৭ ইংল্যান্ড, ইতালী, সৌদিআরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে কূটনৈতিক ব্যাগের মাধ্যমে এমআরপি প্রেরণ করার কথা বলা হলেও পৌছাতে দেরি হওয়ার কারণ কি তা পরীক্ষা করে জরুরি ভিত্তিতে সমস্যার সমাধান করতে হবে। উল্লিখিত দেশসমূহে পর্যাপ্ত জনবল ও অধিক সংখ্যক প্রিন্টার মেশিন সরবরাহ করা। | চুক্তিবদ্ধ প্রতিষ্ঠানের মাধ্যমে স্বল্পতম সময়ের মধ্যে এমআরপি বহির্বিশ্বে সকল পাসপোর্ট ও ভিসা উইং-এ পৌছে দেয়া অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| | ৩.৮. প্রক্রিয়াধীন ০৮টি দেশে ১০টি পাসপোর্ট অফিসের জন্য কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। অপর প্রস্তাবিত দেশগুলোর মধ্য থেকে আপাতত ইউকে, ইউএসএ এবং ইইউভুক্ত যে কোন একটি দেশে পাসপোর্ট অফিস খোলা এবং কর্মকর্তা নিয়োগের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | ক) বাহরাইন ও জর্ডানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের নবসৃষ্ট পাসপোর্ট ও ভিসা উইংয়ে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) প্রবাসী নাগরিকগণকে দ্রুত পাসপোর্ট এবং বিদেশী নাগরিকগণকে দ্রুত ভিসা প্রদানের লক্ষ্যে বিদেশস্থ আরো ১০ টি বাংলাদেশ মিশনে পাসপোর্ট ও ভিসা উইং খোলার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ |
| | ৩.৯<br>ক) কেরানীগঞ্জে কেন্দ্রীয় কারাগার স্থানান্তরের পর কারাগারের বিদ্যমান জায়গায় শীঘ্রই নতুন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>খ) ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারখানার জায়গা উন্মুক্ত রাখা। | ঢাকা কেন্দ্রীয় কারাগারের জায়গা হতে কম্বল কারখানা সরানোর বিষয়ে গত ১৯-০৩-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন-৩ শাখাকে অবহিত করবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ৩.১০ কারাবন্দীদের মধ্যে জঙ্গী সম্পৃক্ততা নিয়ন্ত্রণ করার লক্ষ্যে কারারক্ষীদের টেরোরিজম প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা। | কর্মকর্তাদের ১৫ দিনের প্রশিক্ষণ কর্মসূচির কারিকুলাম প্রণয়ন করে দ্রুত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং কর্মচারীদের প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| ৪ | মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন :<br>৪.১. কারা বন্দীদের সাথে সপ্তাহে ০১ দিন পরিবারের মোবাইলে কথা বলা। | কারাবন্দীদের সাথে তাদের পরিবারের সদস্যদের মোবাইল ফোনে কথা বলাসহ অন্যান্য বিষয় বাস্তবায়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প থেকে প্রাপ্ত পত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ৪.২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ যুগোপযোগী করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | "মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৭" এর উপর মতামত প্রদানের জন্য খসড়া আইনটি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৪.৩ নানা রকম দুর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ। | নানা রকম দুর্ঘটনা, ভূমিকম্প এবং পরিবেশ বিপর্যয়ের মত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ১৯৮ কোটি ৭৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে Modernization of Fire service & Civil Defence প্রকল্পের আওতায় দাখিলকৃত তালিকা অনুযায়ী মালামালসমূহ দ্রুত সংগ্রহ করতে হবে।<br>বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |

| | | |
|---|---|---|
| ৫. | মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন : | |
| | ৫.১ সকল সংস্থায় ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণ:<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে সকল সংস্থার ক্রয় কার্যক্রমে মন্ত্রিসভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ই-টেন্ডারিং চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়। প্রাথমিক পর্যায়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল সংস্থা/দপ্তর কে Central Procurement Technical Unit(CPTU) এর ওয়েব পোর্টালে নিবন্ধন করা হয়। পরবর্তীতে প্রতিটি দপ্তর/সংস্থা হতে ক্রয় কার্যক্রমে সম্পৃক্ত ৫-৭ কর্মকর্তা/কর্মচারীকে CPTU এর প্রশিক্ষণ ইনিষ্টিটিউটে e-Gp এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিটি সংস্থায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণের মাধ্যমে নমুনা হিসেবে একটি করে ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করে সম্পন্ন করার বিষয়ে প্রস্তাব হয়। এ প্রস্তাবে সকলে একমত পোষন করেন। | ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীগণকে আগামি ০৭ দিনের মধ্যে সিপিটিইউ হতে e-GP এর উপর প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।<br>খ) সুরক্ষা সেবা বিভাগসহ সকল অধিদপ্তর আগামি ০১ মাসের মধ্যে e-GP শুরু করবে।<br>বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| | ৫.২ ভিসা অব্যাহতির চুক্তি সম্পাদন :<br>৫.২.১ সভায় বাংলাদেশ-ব্রাজিল মধ্যে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের মধ্যে ভিসা অব্যহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য ২৬/০২/২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে। তবে অদ্যবদি এ বিষয়ে কোন অগ্রগতি জানা যায়নি। সভায় এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদ দেয়ার বিষয়ে একমত পোষণ করা হয়। | ভিসা অব্যাহতি চুক্তি দ্রুত বাস্তবায়নের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আগামি ০১ সপ্তাহের মধ্যে যোগাযোগ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামি সভায় অবহিত করতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| | ৫.২.২ বাংলাদেশ ও সার্ভিয়ার মধ্যে কুটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের মধ্যে ভিসা অব্যহতি সংক্রান্ত চুক্তি সম্পাদনের বিষয়ে সভায় জানানো হয় যে, আইন মন্ত্রণালয় কর্তৃক ভেটিংকৃত চুক্তির খসড়ার উপর মতামত প্রদানের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় চুক্তিটি আংশিক সংশোধনপূর্বক মতামত প্রদান করে। বর্তমানে চুক্তি সম্পাদনের বিষয়টি সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। চুক্তি স্বাক্ষরের বিষয়টি দ্রুত সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় একমত পোষন করা হয়। | চুক্তি স্বাক্ষরের জন্য আগামি ০১ সপ্তাহের মধ্যে চুক্তির কপি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| ৬ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : | |
| | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আগামী বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সময়সূচি নির্ধারণ করে দেয়া হয়েছে। (পরিশিষ্ট-খ) | ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন ও বাস্তবায়ন করতে হবে।<br>খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন সময়মত সুরক্ষা সেবা বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>গ) এ বিষয়ে ফোকাল পার্সনদের সম্পৃক্ত করতে হবে। সংস্থা প্রধানদের জন্য ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদে পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/অধিদপ্তর (সকল) |
| ৭ | ওয়েব সাইট : | |
| | সুরক্ষা সেবা বিভাগের অধীন সকল অধিদপ্তরের ওয়েবসাইটে হালনাগাদ তথ্যাদি প্রদান। | অধিদপ্তরের ওয়েবসাইট সবসময় হালানাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে ফোকাল পার্সন নির্ধারণ করতে হবে।<br>বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

অধিদপ্তরসমূহে থাকা পেন্ডিং বিষয়াদি ঃ

৮.১ (প্রতিবেদনাধীন জানুয়ারি/২০১৭ মাসে ০১ মাসের অধিক পেন্ডিং বিবরণী)

| অধিদপ্তর/ সংস্থার নাম | ০১ মাসের অধিক পেন্ডিং (ফেব্রুয়ারি) | ০১ মাসের অধিক পেন্ডিং (জানুয়ারি) | পূর্ববর্তী মাসের তুলনায় বৃদ্ধি (+) বা হ্রাসের (-) সংখ্যা |
|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ৩০ | -- | +৩০ |
| বহিরাগমন-পাসপোর্ট | ০০ | -- | ০০ |
| কারা | ৪৯ | ৩৯ | +১০ |
| ফায়ার সার্ভিস | ৩৮ | ৩৮ | ০০ |
| মোট = | ১১৭ | ৭৭ | +৪০ |

ক) প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে অধিদপ্তরসমূহের পেন্ডিং তালিকা প্রেরণ করতে হবে।

খ) অধিদপ্তর/সংস্থা প্রধানগণ নিয়মিত পেন্ডিং বিষয়াদি পরীক্ষা করে বিধি মোতাবেক পেন্ডিং বিষয়াদি নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নে : অনুবিভাগ (সকল)/দপ্তর/সংস্থা প্রধান (সকল)

| ৮.২ গুরুত্বপূর্ণ পেন্ডি বিষয়াদি | |
|---|---|
| ৮.২.২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯৯০ সংশোধন প্রসঙ্গে। | অর্থ বিভাগের নির্দেশনা অনুসারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৮.২.৩ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (এ্যালকোহল) বিধিমালা ২০১৫ প্রণয়ন প্রসঙ্গে। | বিধিমালাটি দ্রুত তৈরী করে পুনঃ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৮.২.৪ অনুমোদিত অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন প্রস্তাব। | অগ্নি প্রতিরোধ বিধিমালাটি ভেটিং এর জন্য পুনরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮.২.৫ বাংলাদেশ পাসপোর্ট আইন-২০১৬। | আইন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য আইনের খসড়াটি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ |
| ৮.২.৬ Immigration Ordinance ১৯৮২ এর বাংলায় অনুবাদ | Immigration Ordinance ১৯৮২ এর বাংলায় অনুবাদ সঠিক হয়েছে কিনা সে সংক্রান্ত মতামতের জন্য 'বাবাকো'-তে দ্রুত প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ/বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৮.২.৭ অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (ওয়্যারহাউজ), পরিচালক (প্রশিক্ষণ) সংশ্লিষ্ট কর্মকর্তার সহায়ক স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, ড্রাইভার ও অফিস সহায়ক এঁর ১২টি পদ সৃজন প্রসঙ্গে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবটি দ্রুত সংশোধনপূর্বক পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮.২.৮ ১৫৬ প্রকল্পের আওতায় ০৪টি ফায়ার স্টেশনের অনুকুলে ১০৮টি পদ সৃজনের প্রস্তাব। | অগ্নি নির্বাপন কেন্দ্র স্থাপন প্রকল্পসমূহের বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর নিয়মিত বাস্তবায়ন অগ্রগতি প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করবে।<br>বাস্তবায়নে : উন্নয়ন অনুবিভাগ/অগ্নি অনুবিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮.২.৯ ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের ৫৫ টি স্টেশনের ১৪৯৩টি জনবলের পদ সৃজনের প্রস্তাব প্রসঙ্গে। | |
| ৮.২.১০ দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সাগর/স্থানে ১৫৬ টি ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের অধীনে বাস্তবায়নাধীন ১৫ টি ফায়ার স্টেশনের অনুকূলে ৪০৫ টি পদ সৃজনের প্রস্তাব। | |
| ৮.২.১১ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়্যারহাউজ ইন্সপেক্টর, স্টেশন অফিসার, স্টাফ অফিসার, জুনিয়র প্রশিক্ষক ও মবিলাইজিং অফিসার এই পাঁচ ক্যাটাগরীর পদের বেতন স্কেলের গ্রেড উন্নীতকরণ। | এ বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ করে দ্রুত নিস্পত্তি করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮.২.১২ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনে ৩টি ক্যাটাগরীর মোট ৬টি পদের (ফায়ারম্যান, সমমান ডেমস্ট্রেটর) বেতন স্কেল উন্নীতকরণ। | এ বিষয়ে অর্থ বিভাগের অসম্মতির প্রেক্ষিতে যৌক্তিকতা তুলে ধরে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| | ৮.২.১৩ নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস অধিদপ্তরে ৪৮ টি পদ সৃজন। | নবসৃষ্ট ময়মনসিংহ বিভাগীয় কার্যালয়ের জন্য ফায়ার সার্ভিস আ[illegible] ৪৮ টি পদ সৃজিতব্য পদের বেতনস্কেল নির্ধারণের জন্য দ্রুত [illegible] বিভাগে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ৮.২.১৪ কারা অধিদপ্তরাধীন ৬৬ টি কারাগারের জন্য পূর্বে প্রস্তাবিত জনবলের সংশোধিত ১৬,৮৭৪ টি পদ সৃজনের প্রস্তাবে ৩,১০৭ টি পদের অনুমোদন পাওয়া যায়। | সৃজিত পদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ৮.২.১৫ কারা অধিদপ্তরের অধীন বিভিন্ন কারাগারের টিওইএন্ডইতে ৫৮টি যানবাহন অন্তর্ভূক্তকরণ। | অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |
| | ৮.২.১৬ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কম্পিউটার, ল্যাপটপ ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই-এ অন্তর্ভূক্ত বৃদ্ধিকরণের প্রস্তাব। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে চাহিত তথ্য দ্রুত প্রেরণ করবে।<br>বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিশাখা/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | ৮.২.১৭ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ঝুঁকিভাতা প্রদানের সংশোধিত প্রজ্ঞাপন জারী করা প্রসঙ্গে। | প্রস্তাবটি অনুমোদনের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।<br>বাস্তবায়নে : অগ্নি অধিশাখা/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| | ৮.২.১৮ মৌলভী বাজার জেলা কারাগারের জন্য ৩.০৩ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন। | জেলা প্রশাসক, মৌলভীবাজার-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নে : কারা অধিশাখা/কারা অধিদপ্তর |

৯

**অডিট আপত্তি :**

| অধিদপ্তর/ সংস্থার নাম | অডিট আপত্তির মোট প্রাপ্তি (ফেব্রুয়ারি) | নিস্পত্তির সংখ্যা (ফেব্রুয়ারি) | নিস্পত্তির সংখ্যা (জানুয়ারি) | পূর্ববর্তী মাসের তুলনায় নিস্পত্তি বৃদ্ধি(+) বা হ্রাস(-) |
|---|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ১৪৪ | ০০ | -- | ০০ |
| বহি ও পাসপোর্ট | ৩৩ | ১৩ | ১৩ | ০০ |
| কারা | ৩২৮ | ০০ | ০০ | ০০ |
| ফায়ার সার্ভিস | ০০ | ০০ | ০০ | ০০ |
| মোট = | ৫০৫ | ১৩ | ১৩ | ০০ |

ক) অনুবিভাগ প্রধানগণ স্ব স্ব সংস্থার অডিট আপত্তির বিষয়ে সভা করে নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন।

খ) ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আহবানের মাধ্যমে অডিট আপত্তি সমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। ত্রিপক্ষীয় সভার জন্য সংস্থাসমূহ ০২ জন প্রতিনিধি নির্ধারণ করতে হবে।

গ) আগামি সভার জন্য সংস্থাসমূহ নিম্নোক্ত ছকে অডিট আপত্তির বিস্তারিত তথ্য প্রদান করবে।

বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল)

**ছক ঃ**

| ক্র: নং | সংস্থার নাম | গত মাস হতে আগত | এ মাসে প্রাপ্ত | মোট | সাধারণ আপত্তি | অগ্রিম আপত্তি | সংকলণ ভুক্ত আপত্তি | নিস্পত্তির ধরণ: সাধারণ অনুচ্ছেদ | অগ্রিম অনুচ্ছেদ | ব্রডশিট জবাবের মাধ্যমে নিস্পত্তির সংখ্যা | দ্বিপক্ষীয় সভায় নিস্পত্তির সংখ্যা | ত্রিপক্ষীয় সভায় নিস্পত্তির সংখ্যা | মোট নিস্পত্তির সংখ্যা | নিস্পত্তি বৃদ্ধি/ হ্রাস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | মাদকদ্রব্য | | | | | | | | | | | | | |
| ২ | বহি ও পাসপোর্ট | | | | | | | | | | | | | |
| ৩ | কারা অধিদপ্তর | | | | | | | | | | | | | |
| ৪ | ফায়ার সার্ভিস | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | |

১১

**মামলা :**

সভায় সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর সমূহের চলমান রীট ও এটি মামলা নিস্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। প্রতিটি অধিদপ্তরে কতগুলো মামলা নিস্পত্তির অপেক্ষায় রয়েছে তা নিয়ে আলোচনা করা হয়। সভায় প্রতিটি সংস্থার চলমান মামলা সমূহের তালিকা প্রনয়ণ করে তা দ্রুত নিস্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনা করা হয় যে, চলমান মামলা সমূহ সলিসিটর উইং এর মাধ্যমে মোকাবেলা করায় অধিকাংশ রায় সরকারের যৌক্তিক ব্যবস্থা থাকা সত্বেও বিপক্ষে চলে যায়। সরকারি স্বার্থ রক্ষার্থে চলমান মামলাসমূহ আইন মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি উকিল নিয়োগের মাধ্যমে মোকাবেলা করার প্রস্তাব করা হয়। এ প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।

(ক) অধিদপ্তর প্রধানগণ তার সংস্থায় মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন।

(খ) অধিদপ্তর প্রধানগণ তার সংস্থায় চলমান মামলাসমূহ দ্রুত নিস্পত্তির জন্য আইন মন্ত্রণালয়ের মাধ্যমে বেসরকারি আইনজীবি নিয়োগের ব্যবস্থা করবেন।

গ) এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে পরিপত্র সংগ্রহ করে সংস্থার প্রধানদের সরবরাহ করতে হবে।

বাস্তবায়নে : আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/দপ্তর/সংস্থা প্রধান (সকল)

পেনশন কেইস ;

| অধিদপ্তর/সংস্থার নাম | পেন্ডিং পেনশন কেইস (ফেব্রুয়ারি) | পেন্ডিং পেনশন কেইস (জানুয়ারি) | পূর্ববর্তী মাসের তুলনায় পেনশন কেইসের বৃদ্ধি(+) বা হ্রাস (-) |
|---|---|---|---|
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ০০ | -- | ০০ |
| বহিরাগমন-পাসপোর্ট | ০২ | ০২ | ০০ |
| কারা | ০৩ | ০৩ | ০০ |
| ফায়ার সার্ভিস | ১২ | ০৫ | +৭ |
| মোট = | ১৭ | ১০ | +৭ |

অধিদপ্তর প্রধানগণকে বিধি মোতাবেক দ্রুত পেনশন কেইস নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল)

১৩ পরিদর্শন :

সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ এবং মাঠ পর্যায়ের অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করবেন। এ ছাড়াও সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের ০৪টি সংস্থার অফিসসমূহ সিডিউল মোতাবেক নিয়মিত পরিদর্শন করবেন। এতে সবাই একমত পোষণ করেন।

ক) অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানগন তাদের নিজ নিজ দপ্তরসমূহ এবং মাঠ পর্যায়ের অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

খ) অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ কর্তৃক পরিদর্শনের বিবরণ সম্বলিত ছকাকারে প্রতিবেদন প্রতি মাসে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে।

গ) সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণ বিভিন্ন জেলায় চলমান ও উন্নয়ন প্রকল্পসমূহ এবং ০৪টি অধিদপ্তরের অফিসসমূহ সিডিউল মোতাবেক পরিদর্শন করবেন এবং পরিদর্শন রেজিষ্টারে মতামত লিপিবদ্ধ করবেন। উন্নয়ন অনুবিভাগ সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাগণের জন্য বিভিন্ন জেলার অফিস পরিদর্শন ভ্রমণসূচি প্রণয়ন করবেন।

বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল)

১৪ বিবিধ :

১৪.১ কর্মপরিকল্পনা প্রনয়ণ: সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তর সমূহের কর্মপরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয়। অধিদপ্তর সমূহের যাবতীয় কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রনয়ন অত্যাবশ্যক। সভায় একমত পোষন করা হয় যে, স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রনয়ণ করে সুরক্ষা সেবা বিভাগে দাখিল করেছে। এ বিষয়ে কমিটি গঠনের জন্য সভায় একমত পোষন করেন।

১৪.১ সংস্থার কর্মপরিকল্পনার বিষয়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হয় ঃ

ক) জনাব মো: মহিবুল হক, অতিরিক্ত সচিব - সভাপতি

খ) জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব - সদস্য সচিব

গ) জনাব মো: হেলাল উদ্দিন, যুগ্ম সচিব- সদস্য

ঘ) প্রত্যেক সংস্থার ০১ জন ফোকাল পার্সন - সদস্য

ঙ) পরিকল্পনা শাখার ০১ জন কর্মকর্তা - সদস্য

বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ/অধিদপ্তর (সকল)

১৪.২ প্রতিমাসে অন্তত একটি গুড প্র্যাকটিস ও একটি উদ্ভাবনী কার্যক্রম প্রণয়ন:

১৪.২ প্রতিমাসে সংস্থা থেকে একটি গুড প্র্যাকটিস ও একটি উদ্ভাবনী কার্যক্রম আবশ্যিকভাবে প্রণয়ন করতে হবে। এ বিষয়ে সংস্থা থেকে ০১ জন ফোকাল পার্সন নির্ধারণ করতে হবে।

বাস্তবায়নে : দপ্তর/সংস্থা প্রধান (সকল)

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৩/০৪/২০১৭
ফরিদ উদ্দিন আহম্মদ চৌধূরী
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়